



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী

e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd

online news portal: rcbarta.com, fax: 02588855475



স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৪.১১৭৫

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৫ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: জাতীয় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উপলক্ষ্যে আয়োজিত রচনা প্রতিযোগিতা প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৭.০০১.২৪.৩৭২৩, তারিখ: ০৪/০৬/২০২৪ খ্রি:

সূত্র: স্মারক নং-২২.০১.০০০০.০১২.৪০.০০১.২৩.৩৯৫, তারিখ: ২৭/০৫/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বন অধিদপ্তর কর্তৃক জাতীয় বৃক্ষ রোপন অভিযান ও বৃক্ষমেলা ২০২৪ উপলক্ষ্যে বৃক্ষরোপন, সংরক্ষণ, বৃক্ষের পরিচর্যা ও বনায়নের উপকারিতা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত রচনা প্রতিযোগিতায় রাজশাহী কলেজের শিক্ষার্থীদের সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

প্রতিযোগিতা: রচনা

ক্রমিক নং	শ্রেণি	প্রতিযোগিতার বিষয়	শব্দ সংখ্যা
০১	'খ' গ্রুপ: কলেজ/সিনিয়র মাদ্রাসা পর্যায়ে অধ্যয়নরত	"বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সমৃদ্ধ করি বাংলাদেশ"	৭৫০
০২	'গ' গ্রুপ: বিশ্ববিদ্যালয় কলেজ/বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত	"বৃক্ষ দিয়ে সাজাই দেশ, সমৃদ্ধ করি বাংলাদেশ"	১০০০

শর্তাবলী:

- আগ্রহী শিক্ষার্থীদের বাংলা অথবা ইংরেজি ভাষায় উল্লিখিত বিষয়ে রচনা স্বহস্তে লিখতে হবে;
- শিক্ষার্থীদের অধ্যয়নের প্রমাণস্বরূপ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র রচনার সাথে সংযুক্ত করতে হবে;
- সুপারিশকৃত রচনার মূলকপি এবং শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবিসহ আগামী ১২/০৬/২০২৪ খ্রি এর মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি লিগ্যাল ইউনিট, কক্ষ নং-৪০১, বন ভবন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭, ঠিকানায় প্রেরণ করতে হবে। ফোন: ০১৯৯৯০০০১০৪, ই-মেইল: legalunit402@gmail.com.
- প্রতিযোগীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা, শ্রেণি, পিতার/ মাতা/অভিভাবকের নাম ও যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর ইংরেজি ও বাংলায় আলাদা কাগজে লিপিবদ্ধ করে রচনার সঙ্গে পাঠাতে হবে;
- খামের উপর প্রতিযোগিতার "গ্রুপ" উল্লেখ করে এবং "রচনা প্রতিযোগিতা" কথাটি লিখতে হবে;
- রচনার শব্দ সংখ্যা ১০% এর অধিক হলে রচনা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

০৫/০৬/২০২৪

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

০২৫৮৮৮৫৫৪৭৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী (স্ব স্ব বিভাগের শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ);
- প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
- সংরক্ষণ নথি।